গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৯

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ২০

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৫

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহে (৩ বছর) শিল্প মন্ত্রণালয়ের প্রধান অর্জন:**

দেশের শিল্প উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে শিল্প নীতি ২০১৬ প্রণীত হয়েছে। নব স্থাপিত শাহজালাল ইউরিয়া সার কারখানায় বাণিজ্যিক ভিত্তিতে সার উৎপাদন শুরু হয়েছে। দেশের সার কারখানা সমূহে উৎপাদন এবং আমদানীর মাধ্যমে প্রতিবছর গড়ে ২৬.৫০ লক্ষ মে.টন ইউরিয়া এবং ২ লক্ষ মে.টন নন-ইউরিয়া সার সরবরাহ করা হচ্ছে। সাভারে চামড়া শিল্প নগরীতে CETP স্থাপনের পর ইতোমধ্যে ডেমো টেস্ট রান হয়েছে। প্রথমবারের মতো মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক রাষ্ট্রপতির শিল্পোন্নয়ন পুরস্কার প্রদান করা হয়েছে। ইতোমধ্যে কুয়েতের সাথে বাংলাদেশের দ্বি-পাক্ষিক পুঁজি বিনিয়োগ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়া, মোট ১৩৯টি পণ্যের মান আন্তর্জাতিকীকরণ এবং ৩৬টি পণ্যের এ্যাক্রিডিটেশন প্রদান করা হয়েছে। সৌদিআরবের স্ট্যান্ডার্ড বডির সাথে বিএসটিআই এর চুক্তি সম্পাদন হয়েছে। ১৪১টি জাহাজ পুন:প্রক্রিয়াজাতকরণের অনুমোদন প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

রাষ্ট্রায়ত্ব শিল্প কারখানার পুরাতন অবকাঠামো ও প্রযুক্তি এবং আধুনিকায়নে আর্থিক সীমাবদ্ধতা কর্মসম্পাদনের অন্যতম সমস্যা। এছাড়া, ইউরিয়া সার উৎপাদনের অন্যতম কাঁচামাল প্রাকৃতিক গ্যাস সরবরাহ স্বল্পতায় লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হচ্ছে। উদার শুল্কনীতির কারণে বেসরকারি উদ্যোগে চিনি আমদানি ও উৎপাদন বৃদ্ধির ফলে সরকারি কারখানায় উৎপাদিত চিনি বিপণন বাধাগ্রস্থ হচ্ছে। উৎপাদন ব্যয়ের চেয়ে কম মূল্যে চিনি বিক্রি এবং সরকারি ভর্তুকির অভাবে চিনি কলগুলো লোকসানি প্রতিষ্ঠানে পরিণত হচ্ছে। এছাড়া, দেশের শিল্প প্রতিষ্ঠানসমূহের উপর শিল্প মন্ত্রণালয়ের সরাসরি তত্ত্বাবধানের সুযোগ না থাকা সার্বিক কর্মকান্ডের বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

নরসিংদী জেলায় পলাশ ইউরিয়া সার কারখানা প্রাঙ্গনে জ্বালানি সাশ্রয়ী সর্বাধুনিক প্রযুক্তিসম্পন্ন ঘোড়াশাল পলাশ ইউরিয়া সার কারখানা স্থাপন। ঔষধ শিল্পের কাঁচামাল সরবরাহের জন্য এপিআই পার্ক, ক্ষুদ্র ,মাঝারি ও কুটির শিল্প উন্নয়নের জন্য নতুন শিল্প পার্ক এবং পায়রা বন্দরের কাছাকাছি জাহাজ পুন:প্রক্রিয়াজাতকরণ অঞ্চল স্থাপনের পরিকল্পনা রয়েছে। রাষ্ট্রায়ত্ব অলাভজনক শিল্প প্রতিষ্ঠানকে বিদেশী বিনিয়োগ অথবা পিপিপি'র আওতায় যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে লাভজনক করার পরিকল্পনা রয়েছে।

**শিল্প মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন:**

- দেশের চাহিদা মোতাবেক ১৭.৩০ লক্ষ মে.টন ইউরিয়া ও ২ লক্ষ মে.টন নন-ইউরিয়া সার সরবরাহ।
- উৎপাদনশীলতার জন্য কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড-১৮টি এবং শিল্পোন্নয়নে অবদানের জন্য রাষ্ট্রপতি শিল্প উন্নয়ন পুরস্কার-১২টি এবং সিআইপি শিল্প কার্ড-৬০টি বিতরণ।
- ১৫০টি পণ্যের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণ এবং ৫২টি বিভিন্ন ধরণের ল্যাবের এ্যাক্রেডিটেশন প্রদান।
- রাষ্ট্রায়ত্ব চিনি কারখানার মাধ্যমে ০.৬০ লক্ষ মে.টন চিনি উৎপাদন।
- বাংলাদেশ স্ট্যান্ডার্ড ও টেস্টিং ইন্সিটিটিউশন আইন ২০১৬ প্রণয়ন।
- ৩০০০টি মোটর সাইকেল ও ৯০০টি মোটরযান সংযোজন।
- ৩৪০টি বয়লার নিবন্ধন।
- ১ হাজার মে.টন মধু উৎপাদন

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

শিল্প সমৃদ্ধ মধ্য আয়ের দেশ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

যথোপযুক্ত শিল্প নীতি প্রণয়ন, রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানার পুনর্গঠন ও সংস্কার, ক্ষুদ্র, মাঝারি, মাইক্রো ও কুটির শিল্পের উন্নয়ন, বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে নীতিগত সহায়তা প্রদান, পণ্যের মান সুরক্ষা ও মেধাসম্পদ সংরক্ষণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দ্রুত শিল্পায়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. শিল্পের দ্রুত বিকাশ এবং উন্নয়ন;
২. শিল্পখাতে দক্ষ জনশক্তি তৈরি;
৩. শিল্প পণ্যের উৎপাদন জোরদারকরণ ও পরিবেশ সংরক্ষণ;
৪. কৃষি ও খাদ্য নিরাপত্তার স্বার্থে সার উৎপাদন, ক্রয়, বিতরণে দক্ষতা অর্জন;
৫. পণ্যের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণ ও মেধাস্বত্ব সংরক্ষণ;
৬. রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানাকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর এবং
৭. চিনি ও লবণ উৎপাদনের মাধ্যমে বাজারে চিনি ও লবণের মূল্য স্থিতিশীলকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. যুগোপযোগী শিল্প নীতি প্রণয়ন ও পরিবেশ বান্ধব শিল্পায়ন নিশ্চিতকরণ। ।
২. আন্তর্জাতিক সহযোগিতার লক্ষ্যে বিভিন্ন দেশ/সংস্থার সাথে চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর।
৩. শিল্পোদ্যোক্তা এবং শিল্প ব্যবস্থাপনা প্রশিক্ষণের মাধ্যমে শ্রম দক্ষতার উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।
৪. পণ্যের পেটেন্ট, ডিজাইন, ট্রেডমার্কস নিবন্ধন কার্যক্রমকে শক্তিশালীকরণ এবং মেধা সম্পদ সুরক্ষা।
৫. ক্ষুদ্র , মাঝারি ও কুটির শিল্পের উন্নয়ন।
৬. পণ্য ও সেবার আন্তর্জাতিক মানের সাথে সঙ্গতিপূর্ণ দেশীয় মান নির্ধারণ ও সামঞ্জস্যকরণ এবং পণ্যের মান প্রমিতকরণ, পরীক্ষণ ও প্রত্যয়ন।
৭. রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় সার, চিনি ও লবণ উৎপাদন।
৮. জাহাজ নির্মাণ ও জাহাজ পুনঃপ্রক্রিয়াজাত শিল্প ব্যবস্থাপনা।
৯. রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানা অলাভজনক হওয়ার কারণ অনুসন্ধান এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধি | শিল্পখাতে উৎপাদিত পণ্যের জিডিপিতে অবদানের হার | % | ২৯.৫৫ | ৩০.৪২ | ৩১ | ৩২ | ৩৩ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| শিল্পখাতে কর্মসংস্থান বৃদ্ধি | সার্বিক কর্মসংস্থানের হার | % | ২০.৮০ | ০ | ২২ | ২২.৫ | ২৩ | শিল্প মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বেপজা, বেজা, বিনিয়োগ বোর্ড | বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| | নারী কর্মসংস্থানের হার | % | ২৩.৭০ | ০ | ২৪ | ২৪.৫ | ২৪.৮ | শিল্প মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বেপজা, বেজা, বিনিয়োগ বোর্ড | বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| জাতীয় পর্যায়ে রপ্তানী বৃদ্ধিতে অবদান | শিল্প পণ্যের রপ্তানির হার | % | ৯৫.৫ | ০ | ৯৫.৬ | ৯৫.৭ | ৯৫.৮ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, এনবিআর, বেপজা | বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| কৃষি উৎপাদন বৃদ্ধি/খাদ্য শস্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন | খাদ্য শস্য উৎপাদনের পরিমাণ | লক্ষ (মেট্রিক টন) | ৩৮১.৭৪ | ৩৮৪.১৯ | ৩৮৬.৯৫ | ৩৮৭ | ৩৮৭.৫ | শিল্প মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় | বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] শিল্পের দ্রুত বিকাশ এবং উন্নয়ন; | ১৮ | [১.১] বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন, ২০১৬ খসড়া চূড়ান্তকরণ | [১.১.১] বিল আকারে জাতীয় সংসদে উপস্থাপন | তারিখ | ২.০০ | | | ১৫-০৬-২০১৭ | ১৮-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |
| | | [১.২] বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৬ এর খসড়া চূড়ান্তকরণ | [১.২.১] বিল আকারে জাতীয় সংসদে উপস্থাপন | তারিখ | -২.০০ | | | ১৫-০৬-২০১৭ | ১৮-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |
| | | [১.৩] শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি | [১.৩.১] শিল্প উন্নয়নে প্রদত্ত রাষ্ট্রপতির পুরস্কার | সংখ্যা | ২.০০ | | | ১২ | ১১ | ১০ | ০ | ০ | ১২ | ১২ |
| | | | [১.৩.২] প্রদত্ত সিআইপি শিল্প কার্ড | সংখ্যা | ২.০০ | ৫০ | ৫৬ | ৬০ | ৫৯ | ৫৮ | ৫৭ | ৫৬ | ৬০ | ৬৫ |
| | | | [১.৩.৩] প্রদত্ত কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড | সংখ্যা | ২.০০ | ১২ | ১০ | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | ১৩ | ১৮ | ১৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৪] শিল্প মেলার আয়োজন ও অংশগ্রহণ | [১.৪.১] আয়োজিত ও অংশগ্রহণকৃত শিল্প মেলার সংখ্যা | সংখ্যা | ২.০০ | ১০ | ২৪ | ২৬ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২৭ | ২৮ |
| | | [১.৫] শিল্প পার্ক ও শিল্প নগরী স্থাপন | [১.৫.১] সমাপ্ত প্রকল্প | সংখ্যা | ২.০০ | | ১ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [১.৬] শিল্প প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক আমদানী বিকল্প যন্ত্রাংশ তৈরী | [১.৬.১] যন্ত্রাংশ বিক্রয়লব্ধ অর্থ | টাকা (কোটি) | ২.০০ | ১৯.৯৮ | ১৭.২৫ | ২০.০০ | ১৮.৫০ | ১৮.০০ | ১৭.৫০ | ১৭.২৫ | ২১.০০ | ২২.০০ |
| | | [১.৭] জাহাজ পুনঃ প্রক্রিয়াজাত করণের অনুমোদন | [১.৭.১] প্রদত্ত অনুমোদন | সংখ্যা | ২.০০ | ২০৮ | ২৪৮ | ১৫০ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১৬০ | ১৭০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] শিল্পখাতে দক্ষ জনশক্তি তৈরি; | ১৬ | [২.১] উদ্যোক্তা ও ব্যবস্থাপক তৈরিতে বিআইএম-এ প্রশিক্ষণ | [২.১.১] বিআইএম এ প্রশিক্ষিত উদ্যোক্তা ও ব্যবস্থাপক | সংখ্যা | ২.০০ | ১৩০০ | ১৮৮৭ | ১৪৮০ | ১৪২০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | ১৫০০ | ১৬০০ |
| | | [২.২] উদ্যোক্তা তৈরিতে বিসিক-এ প্রশিক্ষণ | [২.২.১] বিসিকে প্রশিক্ষিত উদ্যোক্তা | সংখ্যা | ২.০০ | | ৬২৭০ | ৮০০০ | ৬৯০০ | ৬৭০০ | ৬৫০০ | ৬৪০০ | ৮৫০০ | ৯০০০ |
| | | [২.৩] দক্ষ শ্রম শক্তি তৈরীতে বিসিক-এ প্রশিক্ষণ | [২.৩.১] বিসিকে প্রশিক্ষিত শ্রমিক | সংখ্যা | ২.০০ | | ৩৩৩২ | ৫০০০ | ৪৪০০ | ৪৩০০ | ৪২৫০ | ৪২০০ | ৫০০০ | ৫৫০০ |
| | | [২.৪] দক্ষ শ্রম শক্তি তৈরীতে বিটাক-এ প্রশিক্ষণ | [২.৪.১] বিটাকে প্রশিক্ষিত শ্রমিক | সংখ্যা | ২.০০ | ৩১৪০ | ২৯১৩ | ২৯৫০ | ২৯৪০ | ২৯৩০ | ২৯২০ | ২৯১৩ | ৩০০০ | ৩০৫০ |
| | | [২.৫] বিটাকে মহিলাদের কর্মসংস্থানের জন্য হাতে কলমে কারিগরী প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষিত নারী শ্রমিক | সংখ্যা | ২.০০ | ২১০৪ | ২৩৫৪ | ২৫২০ | ২৪৫০ | ২৪১০ | ২৩৭০ | ২৩৫৪ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৬] ল্যাবরেটরি, এ্যাক্রেডিটেশন বডি ও মান সংস্থার জনবলের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] বিএবি পরিচালিতকার্স (প্রশিক্ষিত জনবলের সংখ্যা) | সংখ্যা | ২.০০ | ১৩৫ | ২১৭ | ২৪০ | ২৩৫ | ২৩০ | ২২৫ | ২১৭ | ২৫০ | ২৫০ |
| | | [২.৭] উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | [২.৭.১] পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী | সংখ্যা | ২.০০ | ২৯ | ৩৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৫ | ৩৬ | ৩৭ |
| | | [২.৮] বিসিআইসি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র টিআইসিআইসি'র আধুনিকায়ন প্রকল্প | [২.৮.১] প্রকল্প বাস্তবায়নের পরিমাণ | % | ২.০০ | | ২৫ | ৪০ | ৩৫ | ৩২ | ২৮ | ২৫ | ৮০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] শিল্প পণ্যের উৎপাদন জোরদারকরণ ও পরিবেশ সংরক্ষণ; | ১৪ | [৩.১] মোটরযান সংযোজন | [৩.১.১] সংযোজিত মোটরযান | সংখ্যা | ২.০০ | ৯২০ | ৭৪৪ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ৭৫০ | ৭৪৪ | ৯০০ | ৯২০ |
| | | [৩.২] মোটর সাইকেল সংযোজন | [৩.২.১] সংযোজিত মোটর সাইকেল | সংখ্যা | ২.০০ | ১৩৩৬৮ | ১১৪৬ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ১৫০০ | ১১৪৬ | ৩৫০০ | ৪০০০ |
| | | [৩.৩] বৈদ্যুতিক তার উৎপাদন | [৩.৩.১] উৎপাদিত বৈদ্যুতিক তার | মেট্রিক টন | ১.০০ | ৩০১৭ | ৩০০৫ | ৩১০০ | ৩০৭০ | ৩০৫০ | ৩০২০ | ৩০০৫ | ৩০০০ | ৩০০০ |
| | | [৩.৪] ভোজ্য লবনে আয়োডিন সমৃদ্ধকরণ | [৩.৪.১] আয়োডিন সমৃদ্ধ লবন উৎপাদন বৃদ্ধি | হাজার (মেট্রিক টন) | ১.০০ | ১১৪৭ | ৯০০ | ৯০০ | ৮০০ | ০ | ০ | ০ | ১০০০ | ১০০০ |
| | | [৩.৫] মধু উৎপাদনের মাধ্যমে পুষ্টি বৃদ্ধি | [৩.৫.১] উৎপাদিত মধু | মেট্রিক টন | ২.০০ | | | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১১০০ | ১২০০ |
| | | [৩.৬] সাভারে পরিবেশ সম্মত চামড়া শিল্প নগরীতে সিইটিপি স্থাপন | [৩.৬.১] সিইটিপি স্থাপন | তারিখ | ৩.০০ | | | ১৫-০৬-২০১৭ | ১৮-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |
| | | [৩.৭] কারখানার নিরাপত্তার স্বার্থে নিরাপদ বয়লার নিবন্ধন | [৩.৭.১] নিবন্ধিত বয়লার | সংখ্যা | ২.০০ | ৩৩৭ | ৫১৩ | ৩৪০ | ৩৩০ | ৩২০ | ৩১০ | ৩০০ | ৩৫০ | ৩৬০ |
| | | [৩.৮] নিরাপদ বয়লার এর সনদ নবায়ন | [৩.৮.১] সনদ নবায়নকৃত বয়লার | সংখ্যা | ১.০০ | ৩৯৫৪ | ৪৬৪০ | ৪৭০০ | ৪৬৯০ | ৪৬৮০ | ৪৬৬০ | ৪৬৪০ | ৪৮০০ | ৪৯০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] কৃষি ও খাদ্য নিরাপত্তার স্বার্থে সার উৎপাদন, ক্রয়, বিতরণে দক্ষতা অর্জন; | ১৩ | [৪.১] ইউরিয়া সার উৎপাদন | [৪.১.১] উৎপাদিত ইউরিয়া | লক্ষ মেট্রিক টন | ৪.০০ | ৮.৩৯ | ৮.৭৮ | ১০.০০ | ৯.৭৫ | ৯.৫০ | ৯.২৫ | ৯.০০ | ১১.০০ | ১২.০০ |
| | | [৪.২] টিএসপি সার উৎপাদন | [৪.২.১] উৎপাদিত টিএসপি | লক্ষ মেট্রিক টন | ১.০০ | ০.৮৬ | ০.৮৮ | ১.০০ | ০.৯৫ | ০.৯০ | ০.৮৯ | ০.৮৮ | ১.০০ | ১.০০ |
| | | [৪.৩] ডিএপি সার উৎপাদন | [৪.৩.১] উৎপাদিত ডিএপি | লক্ষ মেট্রিক টন | ১.০০ | ০.৪৮ | ০.৬৩ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ০.৭০ | ০.৬৩ | ১.০০ | ১.০০ |
| | | [৪.৪] ইউরিয়া সার আমদানী | [৪.৪.১] আমদানিকৃত ইউরিয়া | লক্ষ মেট্রিক টন | ৩.০০ | ১৭.৩০ | ১৬.২৭ | ৭.৩০ | ৭.১০ | ৬.৯০ | ৬.৭০ | ৬.৫০ | ৭.৫০ | ৮.০০ |
| | | [৪.৫] ইউরিয়া সার বিতরণ | [৪.৫.১] বিতরণকৃত ইউরিয়া | লক্ষ মেট্রিক টন | ২.০০ | ২৪.৪০ | ২২.৪৮ | ২৩.০০ | ২২.৭৫ | ২২.৬০ | ২২.৫০ | ২২.৪৮ | ২৫.০০ | ২৫.০০ |
| | | [৪.৬] টিএসপি সার বিতরণ | [৪.৬.১] বিতরণকৃত টিএসপি | লক্ষ মেট্রিক টন | ১.০০ | ০.৮৮ | ০.৮৬ | ১.০০ | ০.৯৫ | ০.৯০ | ০.৮৮ | ০.৮৬ | ১.০০ | ১.০০ |
| | | [৪.৭] ডিএপি সার বিতরণ | [৪.৭.১] বিতরণকৃত ডিএপি | লক্ষ মেট্রিক টন | ১.০০ | ০.৪০ | ০.৬৬ | ১.০০ | ০.৯৫ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ১.০০ | ১.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৫] পণ্যের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণ ও মেধাস্বত্ব সংরক্ষণ; | ১১ | [৫.১] পণ্যের আন্তর্জাতিক মানের সাথে জাতীয় মানের সামঞ্জস্য বিধান | [৫.১.১] সামঞ্জস্য বিধানকৃত পণ্যের মানের সংখ্যা | সংখ্যা | ২.০০ | ১১৮ | ১৩৯ | ১৫০ | ১৪৭ | ১৪৫ | ১৪০ | ১৩৯ | ১৬০ | ১৭০ |
| | | [৫.২] পণ্যের সার্টিফিকেশন মার্কস | [৫.২.১] জারীকৃত সার্টিফিকেশন মার্কসের সংখ্যা | সংখ্যা | ২.০০ | ২৫৭৪ | ৩১৫০ | ৩৫০০ | ৩৩৫০ | ৩২৫০ | ৩২০০ | ৩১৫০ | ৩৭০০ | ৩৯০০ |
| | | [৫.৩] ISO/IEC অনুযায়ী বিভিন্ন ধরণের ল্যাব, সনদ প্রদানকারী ও পরিদর্শন সংস্থার এ্যাক্রেডিটেশন প্রদান | [৫.৩.১] এ্যাক্রেডিটেশন প্রদানের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ১০ | ৪১ | ৫২ | ৫০ | ৪৮ | ৪৪ | ৪১ | ৬৫ | ৬৫ |
| | | [৫.৪] পেটেন্ট সত্ব মঞ্জুর | [৫.৪.১] মঞ্জুরকৃত পেটেন্টস | সংখ্যা | ১.০০ | ১২৭ | ১৯৬ | ২১০ | ২০৫ | ২০২ | ২০০ | ১৯৬ | ২১৫ | ২২০ |
| | | [৫.৫] ডিজাইন নিবন্ধন | [৫.৫.১] নিবন্ধিত ডিজাইনের সংখ্যা | সংখ্যা | ১.০০ | ৮৭৮ | ৪৭৬ | ৫০০ | ৪৯০ | ৪৮৫ | ৪৮০ | ৪৭৬ | ৫৫০ | ৬০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৫.৬] ট্রেডমার্কস নিবন্ধন | [৫.৬.১] নিবন্ধিত ট্রেডমার্কসের সংখ্যা | সংখ্যা | ১.০০ | ৪১৫৪ | ১০৭৯২ | ১১০০০ | ১০৯৫০ | ১০৯০০ | ১০৮৫০ | ১০৮০০ | ১২০৫০ | ১২১০০ |
| | | [৫.৭] ট্রেডমার্কস নবায়ন | [৫.৭.১] নবায়নকৃত ট্রেডমার্কসের সংখ্যা | সংখ্যা | ১.০০ | ১৪৭০ | ১৮০০ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ২০১০ | ২১০০ |
| [৬] রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানাকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর এবং | ৪ | [৬.১] শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানসমূহের মুনাফা বৃদ্ধি এবং লোকসান হ্রাস | [৬.১.১] করপোরেশন/ সংস্থা/অংশীদারী প্রতিষ্ঠানসমূহের সরকারি খাতে লভ্যাংশ প্রদান | টাকা (কোটি) | ২.০০ | | ১১৭ | ১২১ | ১২০ | ১১৯ | ১১৮ | ১১৭ | ১২৫ | ১৩০ |
| | | [৬.২] সরকারি প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বিষয়ক প্রতিবেদন প্রস্তুত | [৬.২.১] প্রস্তুতকৃত প্রতিবেদন | সংখ্যা | ২.০০ | ৮ | ২ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| [৭] চিনি ও লবণ উৎপাদনের মাধ্যমে বাজারে চিনি ও লবণের মূল্য স্থিতিশীলকরণ। | ৪ | [৭.১] রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানার মাধ্যমে চিনি উৎপাদন | [৭.১.১] উৎপাদিত চিনির পরিমাণ | মেট্রিক টন (হাজার)) | ২.০০ | ৭৮ | ৫৮ | ৬০ | ৫৯.৫০ | ৫৯.০০ | ৫৮.৫০ | ৫৮.০০ | ৭০ | ৮০ |
| | | [৭.২] কৃষক পর্যায়ে লবন উৎপাদন (প্রশিক্ষণ প্রদান, প্রযুক্তি হস্তান্তর) | [৭.২.১] লবণ উৎপাদনের পরিমাণ | মেট্রিক টন (লক্ষ) | ২.০০ | ১৭.৫৩ | ১২.৮২ | ১৫.০০ | ১৪.৫০ | ১৪.০০ | ১৩.০০ | ১২.৮২ | ১৭.০০ | ১৮.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র সচিব<br>শিল্প মন্ত্রণালয় | ০৪.০৮.২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিএসএফআইসি | বাংলাদেশ সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ২ | বিএসইসি | বাংলাদেশ স্টিল এন্ড ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন |
| ৩ | বিসিক | বাংলাদেশ স্মল এন্ড কটেজ ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ৪ | বিএবি | বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড |
| ৫ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন |
| ৬ | বিআইএম | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট |
| ৭ | বিএসটিআই | বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন |
| ৮ | সিইটিপি | সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট |
| ৯ | সিএম | সার্টিফিকেশন মার্কস |
| ১০ | ডিপিডিটি | পেটেন্টস, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর |
| ১১ | এনপিও | ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন |
| ১২ | এসএমই | স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস |
| ১৩ | বিটাক | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড টেকনিক্যাল এসিসটেন্স সেন্টার |
| ১৪ | টিআইসিআইসি | ট্রেনিং ইন্সিটিটিউট অব কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন, ২০১৬ খসড়া চুড়ান্তকরণ | [১.১.১] বিল আকারে জাতীয় সংসদে উপস্থাপন | দ্রুত শিল্পায়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে আইনগত সহায়তা প্রদানের জন্য শিল্প মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থায় সংশ্লিষ্ট বিষয়ে আইন ও বিধি প্রণয়ন করে থাকে। | শিল্প মন্ত্রণালয় | বিল আকারে জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে আইন মন্ত্রণালয়ের প্রেরিত পত্রের গৃহীত কপি। | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৬ এর খসড়া চুড়ান্তকরণ | [১.২.১] বিল আকারে জাতীয় সংসদে উপস্থাপন | দ্রুত শিল্পায়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে আইনগত সহায়তা প্রদানের জন্য শিল্প মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থায় সংশ্লিষ্ট বিষয়ে আইন ও বিধি প্রণয়ন করে থাকে। | শিল্প মন্ত্রণালয় | বিল আকারে জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে আইন মন্ত্রণালয়ের প্রেরিত পত্রের গৃহীত কপি। | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি | [১.৩.১] শিল্প উন্নয়নে প্রদত্ত রাষ্ট্রপতির পুরষ্কার | শিল্পোদ্যোক্তাগণকে শিল্প উন্নয়নে উৎসাহিত করার জন্য শিল্প ক্ষেত্রে তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ শিল্প মন্ত্রণালয় কর্তৃক রাষ্ট্রপতির পুরস্কার প্রদান করা হয়ে থাকে। - | শিল্প মন্ত্রণালয় | পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রমানপত্র। | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] প্রদত্ত সিআইপি শিল্প কার্ড | শিল্পোদ্যোক্তাগণকে শিল্প উন্নয়নে উৎসাহিত করার জন্য শিল্প ক্ষেত্রে তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ শিল্প মন্ত্রণালয় কর্তৃক সিআইপি শিল্প কার্ড প্রদান করা হয়ে থাকে। | শিল্প মন্ত্রণালয় | পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রমানপত্র। | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.৩] প্রদত্ত কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড | শিল্পোদ্যোক্তাগণকে শিল্প উন্নয়নে উৎসাহিত করার জন্য শিল্প ক্ষেত্রে তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ শিল্প মন্ত্রণালয় কর্তৃক কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড প্রদান করা হয়ে থাকে। | শিল্প মন্ত্রণালয় | পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রমানপত্র। | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] শিল্প মেলার আয়োজন ও অংশগ্রহণ | [১.৪.১] আয়োজিত ও অংশগ্রহণকৃত শিল্প মেলার সংখ্যা | দেশে উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে বিসিক কর্তৃক শিল্প মেলার আয়োজন করা হয় এবং অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত মেলায় অংশগ্রহণ করা হয়। | বিসিক | শিল্প মেলার আয়োজন সংক্রান্ত প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] শিল্প পার্ক ও শিল্প নগরী স্থাপন | [১.৫.১] সমাপ্ত প্রকল্প | বে-সরকারি উদ্যোগে শিল্প প্রতিষ্ঠার সুবিধার্থে বিসিক কর্তৃক শিল্প পার্ক ও শিল্প নগরী স্থাপন করা হয়। | বিসিক | প্রকল্প সমাপ্তির প্রমাণপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] শিল্প প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক আমদানী বিকল্প যন্ত্রাংশ তৈরী | [১.৬.১] যন্ত্রাংশ বিক্রয়লব্ধ অর্থ | দেশের শিল্প প্রতিষ্ঠানসমূহের চাহিদা মোতাবেক বিটাক আমদানী বিকল্প যন্ত্রাংশ তৈরী করে থাকে। | বিটাক | সংশ্লিষ্ট খাতে অর্থ জমা হওয়ার প্রমানপত্র। | বিটাক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] জাহাজ পুনঃ প্রক্রিয়াজাত করণের অনুমোদন | [১.৭.১] প্রদত্ত অনুমোদন | দেশের অগ্রাধিকারখাতে অন্তর্ভুক্ত শিল্প হিসেবে পরিবেশসম্মত ও নিরাপদ পদ্ধতিতে জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প বিকাশের জন্য বিদ্যমান আইন ও বিধির আলোকে শিল্প মন্ত্রণালয় জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণের অনুমতি প্রদান করে থাকে। | শিল্প মন্ত্রণালয় | অনুমোদন সংক্রান্ত প্রমানপত্র। | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] উদ্যোক্তা ও ব্যবস্থাপক তৈরিতে বিআইএম-এ প্রশিক্ষণ | [২.১.১] বিআইএম এ প্রশিক্ষিত উদ্যোক্তা ও ব্যবস্থাপক | দেশে প্রশিক্ষিত শিল্প উদ্যোক্তা সৃজন ও দক্ষ ব্যবস্থাপক তৈরির লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীন বিআইএম প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। | বিআইএম | সংশ্লিষ্ট প্রশিক্ষণের প্রমানপত্র। | বিআইএম ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] উদ্যোক্তা তৈরিতে বিসিক-এ প্রশিক্ষণ | [২.২.১] বিসিকে প্রশিক্ষিত উদ্যোক্তা | দেশে প্রশিক্ষিত শিল্প উদ্যোক্তা সৃজন ও দক্ষ ব্যবস্থাপক তৈরির লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। | বিসিক | সংশ্লিষ্ট প্রশিক্ষণের প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] দক্ষ শ্রম শক্তি তৈরীতে বিসিক-এ প্রশিক্ষণ | [২.৩.১] বিসিকে প্রশিক্ষিত শ্রমিক | দেশে শিল্প কারখানাসমূহে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে দক্ষ শ্রমশক্তি তৈরির জন্য শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিক শ্রমিকদের বিশেষ করে নারী শ্রমিকগণকে প্রশিক্ষণ প্রদান করে থাকে। | বিসিক | সংশ্লিষ্ট প্রশিক্ষণের প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] দক্ষ শ্রম শক্তি তৈরীতে বিটাক-এ প্রশিক্ষণ | [২.৪.১] বিটাকে প্রশিক্ষিত শ্রমিক | দেশে শিল্প কারখানাসমূহে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে দক্ষ শ্রমশক্তি তৈরির জন্য শিল্প মন্ত্রণালয়ের অধীন বিটাক শ্রমিকদের বিশেষ করে নারী শ্রমিকগণকে প্রশিক্ষণ প্রদান করে থাকে। | বিটাক | সংশ্লিষ্ট প্রশিক্ষণের প্রমানপত্র। | বিটাক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] বিটাকে মহিলাদের কর্মসংস্থানের জন্য হাতে কলমে কারিগরী প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষিত নারী শ্রমিক | দেশে শিল্প কারখানাসমূহে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে দক্ষ শ্রমশক্তি তৈরির জন্য শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিক ও বিটাক শ্রমিকদের বিশেষ করে নারী শ্রমিকগণকে প্রশিক্ষণ প্রদান করে থাকে। | বিটাক | সংশ্লিষ্ট প্রশিক্ষণের প্রমানপত্র। | বিটাক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] ল্যাবরেটরি, এ্যাক্রেডিটেশন বডি ও মান সংস্থার জনবলের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] বিএবি পরিচালিত কোর্স (প্রশিক্ষিত জনবলের সংখ্যা) | বাংলাদেশের পণ্যমান পরীক্ষাগার, এ্যাক্রেডিটেশন বডি এ মান সংস্থার জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিএবি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে থাকে। | বিএবি | সংশ্লিষ্ট প্রশিক্ষণের প্রমানপত্র। | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | [২.৭.১] পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী | দেশের শিল্প কারখানাসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে উৎপাদনশীলতা বৃদ্ধির কলাকৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের জন্য এনপিও কর্মসূচী পরিচালনা করে। | এনপিও | সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠানের প্রমানপত্র। | এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৮] বিসিআইসি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র টিআইসিআইসি'র আধুনিকায়ন প্রকল্প | [২.৮.১] প্রকল্প বাস্তবায়নের পরিমাণ | বিসিআইসি'র জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিকমানের এবং সম্প্রসারিত নতুন প্রশিক্ষণ ভবন তৈরি করা হবে। | বিসিআইসি | প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত পরিদর্শণ প্রতিবেদন। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] মোটরযান সংযোজন | [৩.১.১] সংযোজিত মোটরযান | দেশের যানবাহনের চাহিদা পূরণ করার লক্ষ্যে বিএসইসির নিয়ন্ত্রণাধীন প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ-এ বিভিন্ন ধরনের জীপ ও পিক-আপ ভ্যান সংযোজন করে করে থাকে। | বিএসইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিএসইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.২] মোটর সাইকেল সংযোজন | [৩.২.১] সংযোজিত মোটর সাইকেল | দেশে ক্রমবর্ধমান মটরসাইকেলের চাহিদা পূরণ করার লক্ষ্যে বিএসইসির শিল্প কারখানা এটলাস লিঃ-এ মটরসাইকেল সংযোজন করা হয়ে থাকে। | বিএসইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিএসইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] বৈদ্যুতিক তার উৎপাদন | [৩.৩.১] উৎপাদিত বৈদ্যুতিক তার | দেশে নিরাপদ বৈদ্যুতিক তারের চাহিদা পূরণ করার লক্ষ্যে বিএসইসির শিল্প কারখানায় উন্নতমানের বৈদ্যুতিক তার উৎপাদন করে থাকে। | বিএসইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিএসইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] ভোজ্য লবনে আয়োডিন সমৃদ্ধকরণ | [৩.৪.১] আয়োডিন সমৃদ্ধ লবন উৎপাদন বৃদ্ধি | জনস্বাস্থ্য রক্ষায় বাজারে শতভাগ আয়োডিন সমৃদ্ধ লবণের প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে আয়োডিন সমৃদ্ধ লবন উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়। | বিসিক | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] মধু উৎপাদনের মাধ্যমে পুষ্টি বৃদ্ধি | [৩.৫.১] উৎপাদিত মধু | শিল্প পণ্য হিসেবে মধু উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জনগণের পুষ্টি চাহিদা পূরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। | বিসিক | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৬] সাভারে পরিবেশ সম্মত চামড়া শিল্প নগরীতে সিইটিপি স্থাপন | [৩.৬.১] সিইটিপি স্থাপন | সাভারে নির্মাণাধীন পরিবেশসম্মত চামড়া শিল্প নগরীতে নির্ধারিত সময়ের মধ্যে সিইটিপি এর স্থাপনের কাজ সম্পন্ন করা হবে। | বিসিক | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৭] কারখানার নিরাপত্তার স্বার্থে নিরাপদ বয়লার নিবন্ধন | [৩.৭.১] নিবন্ধিত বয়লার | শিল্প কারখানা ও এর জনবলের নিরাপত্তার স্বার্থে স্থাপিত বয়লারসমূহের নিবন্ধন ও নিরাপত্তা সংক্রান্ত সনদ প্রদান করা হয়। | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৮] নিরাপদ বয়লার এর সনদ নবায়ন | [৩.৮.১] সনদ নবায়নকৃত বয়লার | শিল্প কারখানা ও এর জনবলের নিরাপত্তার স্বার্থে স্থাপিত বয়লারসমূহের নিবন্ধন ও নিরাপত্তা সংক্রান্ত সনদ নির্ধারিত সময়ান্তে সনদ নবায়ন করা হয়। | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] ইউরিয়া সার উৎপাদন | [৪.১.১] উৎপাদিত ইউরিয়া | কৃষি উৎপাদন বৃদ্ধি নির্বিঘ্ন রাখার স্বার্থে দেশের চাহিদা মেটানোর লক্ষ্যে রাষ্ট্রায়ত্ব সার কারখানাসমূহে সর্বোচ্চ পরিমাণে ইউরিয়া সার উৎপাদন করা হয়। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] টিএসপি সার উৎপাদন | [৪.২.১] উৎপাদিত টিএসপি | কৃষি উৎপাদন বৃদ্ধি নির্বিঘ্ন রাখার স্বার্থে দেশের চাহিদা মেটানোর লক্ষ্যে রাষ্ট্রায়ত্ব সার কারখানাসমূহে সর্বোচ্চ পরিমাণে টিএসপি সার উৎপাদন করা হয়। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] ডিএপি সার উৎপাদন | [৪.৩.১] উৎপাদিত ডিএপি | কৃষি উৎপাদন বৃদ্ধি নির্বিঘ্ন রাখার স্বার্থে দেশের চাহিদা মেটানোর লক্ষ্যে রাষ্ট্রায়ত্ব সার কারখানাসমূহে সর্বোচ্চ পরিমাণে ডিএপি সার উৎপাদন করা হয়। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] ইউরিয়া সার আমদানী | [৪.৪.১] আমদানিকৃত ইউরিয়া | দেশে উৎপাদনের পাশাপাশি কৃষি ক্ষেত্রে সারের অতিরিক্ত চাহিদা পূরণের লক্ষ্যে রাষ্ট্রায়ত্ব সার কারখানাসমূহে সর্বোচ্চ পরিমাণে ইউরিয়া সার উৎপাদনের পাশাপাশি প্রয়োজনীয় পরিমাণ ইউরিয়া সার আমদানী করা হয়ে থাকে। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৫] ইউরিয়া সার বিতরণ | [৪.৫.১] বিতরণকৃত ইউরিয়া | কৃষি উৎপাদন বৃদ্ধি নির্বিঘ্ন রাখার স্বার্থে দেশের চাহিদা মেটানোর লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত সার কারখানাসমূহে উৎপাদিত ও আমদানীকৃত ইউরিয়া সার সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৬] টিএসপি সার বিতরণ | [৪.৬.১] বিতরণকৃত টিএসপি | কৃষি উৎপাদন বৃদ্ধি নির্বিঘ্ন রাখার স্বার্থে দেশের চাহিদা মেটানোর লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত সার কারখানাসমূহে উৎপাদিত ও আমদানীকৃত টিএসপি সার সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৭] ডিএপি সার বিতরণ | [৪.৭.১] বিতরণকৃত ডিএপি | কৃষি উৎপাদন বৃদ্ধি নির্বিঘ্ন রাখার স্বার্থে দেশের চাহিদা মেটানোর লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত সার কারখানাসমূহে উৎপাদিত ও আমদানীকৃত ডিএপি সার সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। | বিসিআইসি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] পণ্যের আন্তর্জাতিক মানের সাথে জাতীয় মানের সামঞ্জস্য বিধান | [৫.১.১] সামঞ্জস্য বিধানকৃত পণ্যের মানের সংখ্যা | বাংলাদেশী পণ্যের আন্তর্জাতিক বাজারে প্রবেশের পথ সুগম করার জন্য স্বীকৃতি পাবার লক্ষ্যে পণ্যের বাংলাদেশের জাতীয় মান আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য বিধান করা হয়। | বিএসটিআই | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিএসটিআই ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] পণ্যের সার্টিফিকেশন মার্কস | [৫.২.১] জারীকৃত সার্টিফিকেশন মার্কসের সংখ্যা | জাতীয় মানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন উৎপাদিত পণ্যের অনুকূলে সার্টিফিকেশন মার্কস জারী করা হয়। | বিএসটিআই | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিএসটিআই ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৩] ISO/IEC অনুযায়ী বিভিন্ন ধরণের ল্যাব, সনদ প্রদানকারী ও পরিদর্শন সংস্থার এ্যাক্রেডিটেশন প্রদান | [৫.৩.১] এ্যাক্রেডিটেশন প্রদানের সংখ্যা | দেশে বিদ্যমান পরীক্ষাগারগুলোতে আন্তর্জাতিক মান বজায় রাখার লক্ষ্যে সেগুলোর উন্নয়ন ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি নিশ্চিত করার জন্য বিএবি কর্তৃক পরীক্ষাগারগুলোকে এ্যাক্রেডিটেশন প্রদান করা হয়ে থাকে। | বিএবি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৪] পেটেন্ট সত্ত্ব মঞ্জুর | [৫.৪.১] মঞ্জুরকৃত পেটেন্টস | মেধাস্বত্ব সুরক্ষার স্বার্থে উদ্ভাবনকারীদের অনুকূলে পেটেন্টস সত্ত্ব মঞ্জুরী প্রদান করা হয়। | ডিপিডিটি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | ডিপিডিটি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৫] ডিজাইন নিবন্ধন | [৫.৫.১] নিবন্ধিত ডিজাইনের সংখ্যা | মেধাস্বত্ব সুরক্ষার স্বার্থে উদ্ভাবনকারীদের অনুকূলে ডিজাইন নিবন্ধন করা হয়। | ডিপিডিটি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | ডিপিডিটি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৬] ট্রেডমার্কস নিবন্ধন | [৫.৬.১] নিবন্ধিত ট্রেডমার্কসের সংখ্যা | মেধাস্বত্ব সুরক্ষার স্বার্থে উদ্ভাবনকারীদের অনুকূলে ট্রেডমার্কস নিবন্ধন করা হয়। এছাড়া নির্ধারিত সময় শেষে ট্রেডমার্কস নবায়ন করা হয়। | ডিপিডিটি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | ডিপিডিটি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.৭] ট্রেডমার্কস নবায়ন | [৫.৭.১] নবায়নকৃত ট্রেডমার্কসের সংখ্যা | মেধাস্বত্ব সুরক্ষার স্বার্থে উদ্ভাবনকারীদের অনুকূলে ট্রেডমার্কস নিবন্ধন করা হয়। এছাড়া নির্ধারিত সময় শেষে ট্রেডমার্কস নবায়ন করা হয়। | ডিপিডিটি | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | ডিপিডিটি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.১] শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানসমূহের মুনাফা বৃদ্ধি এবং লোকসান হ্রাস | [৬.১.১] করপোরেশন/ সংস্থা/অংশীদারী প্রতিষ্ঠানসমূহের সরকারি খাতে লভ্যাংশ প্রদান | রাষ্ট্রায়ত্ব খাতে শিল্প মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত কর্পোরেশনসমূহের হোল্ডিং কোম্পানিসমূহ শেয়ার হোল্ডারদেরকে ডিভিডেন্ট প্রদান করে থাকে। সেই হিসাবে প্রতি বছর কর্পোরেশনসমূহের নিকট থেকে সরকার ডিভিডেন্ট হিসাবে অর্থ প্রাপ্য হয়। কর্পোরেশনসমূহ সরকারের প্রাপ্য অর্থ নির্ধারিত খাতে জমা প্রদান করে। | বিএসইসি, বিসিআইসি | সংশ্লিষ্টখাতে জমাকৃত অর্থের প্রমানপত্র। | বিএসইসি, বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] সরকারি প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বিষয়ক প্রতিবেদন প্রস্তুত | [৬.২.১] প্রস্তুতকৃত প্রতিবেদন | দেশের শিল্প কারখানাসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে উৎপাদনশীলতা বৃদ্ধির বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয় এবং গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়। | এনপিও | প্রকাশিত গবেষণা প্রতিবেদন। | এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.১] রাষ্ট্রায়ত্ব শিল্প কারখানার মাধ্যমে চিনি উৎপাদন | [৭.১.১] উৎপাদিত চিনির পরিমাণ | দেশে চিনির চাহিদা মেটানো ও চিনির বাজার মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে রাষ্ট্রায়ত্ব চিনিকলগুলোতে সর্বোচ্চ পরিমাণ চিনি উৎপাদন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা হয়। | বিএসএফআইসি | মনিটরিং কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদন | বিএসএফআইসি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৭.২] কৃষক পর্যায়ে লবন উৎপাদন (প্রশিক্ষণ প্রদান, প্রযুক্তি হস্তান্তর) | [৭.২.১] লবণ উৎপাদনের পরিমাণ | দেশে লবণের চাহিদা মেটানোর লক্ষ্যে কৃষক পর্যায়ে সর্বোচ্চ পরিমাণ লবণ উৎপাদন নিশ্চিত করার জন্য কৃষকদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়। | বিসিক | সংস্থা প্রধান কর্তৃক প্রদত্ত প্রমানপত্র। | বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) | উৎপাদিত ডিএপি,উৎপাদিত ইউরিয়া ,উৎপাদিত টিএসপি | সময়মত পর্যাপ্ত গ্যাস সরবরাহ | গ্যাস সরবরাহ নিশ্চিত করা না গেলে সার উৎপাদন ব্যহত হবে | সার কারখানায় সার উৎপাদন বন্ধ হয়ে যাবে |
| অন্যান্য | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | বিতরণকৃত টিএসপি,বিতরণকৃত ডিএপি ,বিতরণকৃত ইউরিয়া | সারাদেশে কি পরিমান সারের প্রয়োজন হবে এর চাহিদা সময়মত প্রাপ্তি | সময়মত সারের চাহিদা পাওয়া না গেলে সার উৎপাদন, আমদানি এবং বিতরণ কার্যক্রম ব্যহত হবে | সময়মত সারের চাহিদা পাওয়া না গেলে সার উৎপাদন, আমদানি এবং বিতরণ কার্যক্রম ব্যহত হবে |
| অন্যান্য | পরিবেশ অধিদপ্তর | প্রদত্ত অনুমোদন | সময়মত ছাড়পত্র প্রাপ্তি | পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সময়মত পাওয়া না গেলে জাহাজ ভাঙ্গার অনুমতি প্রদান ব্যহত হবে। | ছাড়পত্র না পেলে জাহাজ ভাঙ্গার অনুমতি প্রদান ব্যহত হবে। |